

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
গবেষণা শাখা  
ঢাকা

নং-পম/গবেষণা/বিআইআইএসএস/(ভিজিট)-০১(অংশ-১)/২০১৬/২০৫

তারিখঃ ১৭ জানুয়ারি ২০১৯

প্রেরকঃ মঞ্জু মনোয়ারা  
সিনিয়র সহকারী সচিব (গবেষণা)

প্রাপকঃ উপ-পরিচালক (প্রশাসন)  
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)  
১/৪৬ পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর উর্ধ্বতন গবেষণা ফেলো জনাব আবু ছালেহ মুহাম্মদ ইউসুফ-এর অনুকূলে ভারত সফরের জন্য সরকারী মঞ্জুরী জ্ঞাপন প্রসঙ্গে।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর উর্ধ্বতন গবেষণা ফেলো জনাব আবু ছালেহ মুহাম্মদ ইউসুফ-এর অনুকূলে আগামী ২১-২২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে ভারতের রাঁচিতে অনুষ্ঠিতব্য 'Soft Power and Public Diplomacy in India and China' শীর্ষক কনফারেন্সে যোগদানের নিমিত্ত ভারতে সরকারী সফরের মঞ্জুরী জ্ঞাপন করছে।

ক) উক্ত সফরকালীন সময়ে তিনি সরকারী কাজে নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং বিধি অনুযায়ী পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। তবে বেতন/ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

খ) তিনি আগামী ২০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করতে পারেন এবং বর্ণিত সফর শেষে আগামী ২৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করতে পারেন।

গ) বর্ণিত সফরে আমন্ত্রণকারী সংস্থা কর্তৃক বিমান ভাড়া, আহার, আবাসন এবং স্থানীয় পরিবহন ব্যয়ভার বহন করা হবে। এ ছাড়াও বর্ণিত কর্মকর্তা বহির্গমনের জন্য নির্ধারিত হারে টার্মিনাল চার্জ এবং ট্রানজিট ভাতা ও অন্যান্য ভাতা প্রাপ্য হবেন যা BISS-এর ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেটের সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা যেতে পারে।

ঘ) বর্ণিত কর্মকর্তা সফর শেষে দেশে প্রত্যাবর্তনের পর অনধিক দশ (১০) কার্যদিবসের মধ্যে একটি সফর সংক্রান্ত প্রতিবেদন পররাষ্ট্র মন্ত্রণালয়ের গবেষণা অনুবিভাগে দাখিল করবেন এবং সফর শেষে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর মূল ভাউচার/বিল প্রদানপূর্বক তাকে প্রদত্ত অগ্রিম/ভাতাদির সমন্বয় সাধন করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।

আপনার একান্ত,

(মঞ্জু মনোয়ারা)

সিনিয়র সহকারী সচিব (গবেষণা)

ফোন-৯৫৫৪১১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০২। মহাপরিচালক (কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক (গবেষণা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/গবেষণা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। জনাব আবু ছালেহ মুহাম্মদ ইউসুফ, উর্ধ্বতন গবেষণা ফেলো, বিআইআইএসএস, ঢাকা।
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
- ০৭। জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৯। সিনিয়র সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অফিস কপি।

মঞ্জু মনোয়ারা

(মঞ্জু মনোয়ারা)

সিনিয়র সহকারী সচিব (গবেষণা)